রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, মে ১২, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর]**

**আদেশ**

তারিখ : ১৫ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/২৮ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ।

বিষয়: **Department Of State-এর অর্থায়নে বাংলাদেশে পরিচালিত বিভিন্ন প্রকল্পসমূহের জন্য পণ্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান**

**নং ০৫/মূসক/২০২৬**—যেহেতু, বাংলাদেশ সরকারের সহিত United States of America এর সম্পাদিত চুক্তি মোতাবেক **Department Of State** ও উহার অর্থায়নে Prime partner কর্তৃক পরিচালিত প্রকল্প বা প্রকল্পসমূহের জন্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি রহিয়াছে, এবং

যেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিশেষ আদেশ দ্বারা কোনো আন্তর্জাতিক বা দ্বি-পক্ষীয় চুক্তি বাস্তবায়নের জন্য সীমা ও শর্ত আরোপ করে সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদানের বিধান রহিয়াছে;

সেহেতু, **Department Of State** ও উহার অর্থায়নে বাংলাদেশে পরিচালিত **পরিশিষ্ট-'ক'** এ বর্ণিত প্রকল্প বা প্রকল্পসমূহের জন্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ সীমা ও শর্ত সাপেক্ষে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করিল, যথা:—


**মূল্য :** টাকা ৮.০০

<u>সীমা ও শর্ত:</u>

(ক) বাংলাদেশে **Department Of State** ও উহার অর্থায়নে Prime partner কর্তৃক পরিচালিত শুধুমাত্র পরিশিষ্ট-'ক' তে উল্লিখিত প্রকল্প বা প্রকল্পসমূহ এই অব্যাহতি সুবিধা ভোগ করিবে।

(খ) **Department Of State** ও পরিশিষ্ট-'ক' এ উল্লিখিত প্রকল্প বা প্রকল্পসমূহের জন্য ক্রয়কৃত সকল সরবরাহ ও সেবার বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর **Department Of State** ও প্রকল্প কর্তৃপক্ষ পরিশোধ করিবে না। তাহার পরিবর্তে **Department Of State** কর্তৃপক্ষ সরবরাহকারী বা সেবা প্রদানকারীকে 'পরিশিষ্ট-খ' এ নির্দেশিত ছকে মূসক অব্যাহতির কূপন প্রদান করিবেন এবং উহাতে প্রকল্পের নাম ও লোগোসহ **Department Of State** প্রদত্ত বৎসরভিত্তিক ধারাবাহিক ক্রমিক সংখ্যা ও তারিখ উল্লেখ থাকিবে।

(গ) প্রতিটি ক্ষেত্রে এইরূপ কূপনের চারটি অনুলিপি থাকিবে। প্রথম অনুলিপিটি ['পরিশিষ্ট-খ'(১)] সাদা কাগজে মুদ্রিত হইবে, যাহা প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে। দ্বিতীয় অনুলিপিটি ['পরিশিষ্ট-খ'(২)] গোলাপী রংয়ের কাগজে মুদ্রিত হইবে, যাহা পণ্য বা সেবা সরবরাহকারী সংশ্লিষ্ট মূসক কমিশনারেটে প্রেরণ করিবে। তৃতীয় অনুলিপিটি ['পরিশিষ্ট-খ'(৩)] হালকা নীল (আকাশী) রংয়ের কাগজে মুদ্রিত হইবে, যাহা প্রকল্প কর্তৃপক্ষ **Department Of State** কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে এবং এ কপি দিয়ে **Department Of State** সংশ্লিষ্ট মূসক কমিশনারেটে করমেয়াদভিত্তিক হিসাব পরিশিষ্ট-'গ' তে প্রেরণ করিবেন। চতুর্থ অনুলিপিটি ['পরিশিষ্ট-খ'(৪)] হলুদ রংয়ের কাগজে মুদ্রিত হইবে, যাহা সরবরাহ বা সেবা গ্রহণকারী দাখিলপত্রের সহিত সংযুক্ত করিয়া দাখিলপত্র প্রদান করিবেন।

(ঘ) কেবল সংশ্লিষ্ট মূসক কমিশনার কর্তৃক মনোনীত কর্মকর্তার প্রত্যয়নকৃত কূপনই ব্যবহার করা যাইবে। **Department Of State** ও প্রকল্প কর্তৃপক্ষ কূপন প্রত্যয়নের লক্ষ্যে তাহা ব্যবহারের ন্যূনতম চৌদ্দদিন পূর্বে কমিশনার মনোনীত কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(ঙ) পণ্য সরবরাহকারী বা সেবা প্রদানকারী প্রতি করমেয়াদে কূপনের বিপরীতে সরবরাহ বা সেবা প্রদানের হিসাব দাখিলপত্র (ফরম মূসক ৯.১) এর অংশ-৩ এর নোট-৩ এ প্রদর্শন করিবে এবং দাখিলপত্রের সহিত কূপনের চতুর্থ অনুলিপিটি সংযুক্ত করিয়া সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটে প্রেরণ করিবেন। কোনো মাসের অব্যাহতি ঐ করমেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করা না হইলে তাহা পরে আর সমন্বয় করা যাইবে না এবং সরবরাহকারীকে প্রযোজ্য মূসক পরিশোধ করিতে হইবে। পণ্য

সরবরাহ বা সেবা প্রদানকারী কূপনের ছায়ালিপি নিজ দপ্তরে সংরক্ষণ করিবেন। কূপনের সত্যতা পরীক্ষার লক্ষ্যে কোনো প্রকার ক্রসচেক করার প্রয়োজন হইলে মূসক কর্মকর্তার চাহিদা অনুযায়ী তা উপস্থাপন করিতে হইবে। এইক্ষেত্রে কূপন দাতা ও কূপন গ্রহীতা উভয়েই তাহা পাঁচ বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।

(চ) দাখিলপত্রের সহিত প্রাপ্ত কূপনসমূহের যথার্থতা সংশ্লিষ্ট মূসক কমিশনারেট ও প্রকল্প কর্তৃপক্ষ হইতে যাচাইপূর্বক বিধি মোতাবেক দাখিলপত্রের নিষ্পত্তি করিবেন। কমিশনারেট তার অধীনস্থ সকল দপ্তর হইতে প্রাপ্ত বিবরণী সমন্বিত করিয়া জাতীয় রাজস্ব বোর্ডের মূসক করদাতা সেবা অনুবিভাগকে অবহিত করিবেন।

(ছ) **Department Of State** এর অর্থায়নে পরিচালিত প্রকল্প কর্তৃপক্ষ পরিশিষ্ট-'গ' তে প্রতি মাসের মূসক অব্যাহতির বিবরণী বাংলাদেশস্থ **Department Of State** দপ্তরে প্রেরণ করিবেন। **Department Of State** কর্তৃপক্ষ তা সমন্বিত করিয়া প্রতি মাসে জাতীয় রাজস্ব বোর্ডের মূসক করদাতা সেবা অনুবিভাগের নিকট প্রেরণ করিবেন।

**Department of State funded Projects and as of November 3, 2025 পরিশিষ্ট-'ক'**

| Sl NO. | Name of the Activity/ Project | Name of the Implementing Partner(s) | Project Duration | Lead Ministry |
|---|---|---|---|---|
| 1 | Tuberculosis Implementation Framework Agreement (TIFA) | John Snow, Inc. | Jun 25, 20—Jun 15,27 | Ministry of Health and Family Welfare (MoHFW) |
| 2 | MCH Umbrella Grant II | UNICEF | Apr 30, 21—Apr 30,26 | Ministry of Health and Family Welfare (MoHFW) |
| 3 | Long-Term Exceptional Technical Assistance Project (LEAP) | Global Solutions Venture | Sep 20, 23—Sep 19, 28 | Ministry of Health and Family Welfare (MoHFW) |
| 4 | Meeting Targets and Maintaining Epidemic Control (Epic) | FH 360 | Apr 15, 19—Dec 30,27 | Ministry of Health and Family Welfare (MoHFW) |
| 5 | Momentum Country and Global Leadership | Jhpiego | Dec 17, 19—Jun 30, 27 | Ministry of Health and Family Welfare (MoHFW) |
| 6 | Momentum Integrated Health Resilience (MIHR) | JSI Research & Training Institute, Inc. (JSI) | Oct 01, 25—Sep 30, 26 | Ministry of Health and Family Welfare (MoHFW) |

| Sl NO. | Name of the Activity/ Project | Name of the Implementing Partner(s) | Project Duration | Lead Ministry |
|---|---|---|---|---|
| 7 | Stop TB Partnership UNOPS II | UNOPS | Feb 3, 24—Mar 25, 29 | Ministry of Health and Family Welfare (MoHFW) |
| 8 | Global Health Supply Chain Procurement and Supply Management (GHSC-PSM) Task Order One (TO1) | Chemonics International Inc. | Apr 20, 15—Nov 28,26 | Ministry of Health and Family Welfare (MoHFW) |
| 9 | Strengthening Infectious Disease Detection Systems (STRIDES) | FH 360 | Oct 01, 24—Sep 30, 29 | Ministry of Health and Family Welfare (MoHFW) |
| 10 | Fight Slavery and Trafficking-In-Persons (FSTIP) Activity | WINROCK | Jul 01, 21—Jun 30, 26 | Ministry of Home Affairs |
| 11 | Integrated Protection and Resilience Interventions for Host Community in two subdistricts (Ramu and Chakaria) of Cox's Bazar District | International Rescue Committee (IRC) | Sep 01, 24—Aug 31,27 | Ministry of Health and Family Welfare, Ministry of Local Government, Rural Development and Cooperatives. Ministry of Women and Children Affairs |
| 12 | Kalyana: Ensure Access to life-saving integrated and sustainable services to the Rohingya population & host communities in Cox's Bazar District, Bangladesh | Terre des Hommes (TDH) | Aug 01, 24—Sep 30,26 | The Ministry of Disaster Management and Relief (MODMR) |
| 13 | Comprehensive Disaster Readiness, Emergency Preparedness and Community Resilience Building in Cox's Bazar | International Federation of the Red Cross (IFRC) | Aug 01, 24—Sep 30,26 | The Ministry of Disaster Management and Relief (MODMR) |

| Sl NO. | Name of the Activity/ Project | Name of the Implementing Partner(s) | Project Duration | Lead Ministry |
|---|---|---|---|---|
| 14 | Inclusive specialized services for vulnerable persons including persons with disabilities in Cox's Bazar Rohingya camps and host communities (Phase 2) | Humanity and Inclusion (HI) | Sep 01, 24—Jun 31, 26 | The Ministry of Disaster Management and Relief (MODMR) |
| 15 | Comprehensive Integrated Multi-Sector response for Rohingya Refugees and Host Communities in Cox's Bazar | International Rescue Committee (IRC) | Sep 01, 24—Jun 31, 26 | The Ministry of Disaster Management and Relief (MODMR) |

**পরিশিষ্ট-খ (১)**

(১)

[**Department of State** পরিচালিত প্রকল্পের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কূপন নং—

**Department of State**

তারিখ.................................... খরিদ ক্রম নং.........................................

ক্রেতার নাম, পদবি ও ঠিকানা:..................................................................

..........................................................................................................

সর্বমোট মূল্য:......................................................................................

মূসক অব্যাহতি:.....................................................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/ সেবা প্রদানকারী): মূসক নিবন্ধন নং:....................

...................................................... ..........................................

ঠিকানা:......................................................................

................................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহর: বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহর:

........................................

মূসক কর্মকর্তার প্রত্যয়ন: স্বাক্ষর ও সীলমোহর:

নাম ও পদবি:

প্রকল্প কর্তৃপক্ষের অনুলিপি (সাদা)

**পরিশিষ্ট-খ (২)**

(২)

[**Department of State** পরিচালিত প্রকল্পের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কূপন নং—
**Department of State**

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | |

তারিখ.................................... খরিদ ক্রম নং.........................................

ক্রেতার নাম, পদবি ও ঠিকানা:..................................................................

..................................................................................................

সর্বমোট মূল্য:.......................................................................................

মূসক অব্যাহতি:....................................................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী): মূসক নিবন্ধন নং:....................

...................................................... .........................................

ঠিকানা:.........................................................................

..................................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহর: বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহর:

........................................

মূসক কর্মকর্তার প্রত্যয়ন: স্বাক্ষর ও সীলমোহর:

নাম ও পদবি:

মূসক কমিশনারেটে অনুলিপি (গোলাপী)

**পরিশিষ্ট-খ (৩)**

(৩)

[**Department of State** পরিচালিত প্রকল্পের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কূপন নং—
**Department of State**

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | |

তারিখ.................................... খরিদ ক্রম নং.........................................

ক্রেতার নাম, পদবি ও ঠিকানা:..................................................................

..................................................................................................

সর্বমোট মূল্য:.......................................................................................

মূসক অব্যাহতি:....................................................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী): মূসক নিবন্ধন নং:....................

...................................................... .........................................

ঠিকানা:.........................................................................

..................................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহর: বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহর:

........................................

মূসক কর্মকর্তার প্রত্যয়ন: স্বাক্ষর ও সীলমোহর:

নাম ও পদবি:

**Department of State** কর্তৃপক্ষের অনুলিপি (আকাশী)

**পরিশিষ্ট-খ (৪)**

(৪)

[**Department of State** পরিচালিত প্রকল্পের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কূপন নং—
**Department of State**

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | |

তারিখ.................................... খরিদ ক্রম নং........................................

ক্রেতার নাম, পদবি ও ঠিকানা:..................................................................

.....................................................................................................

সর্বমোট মূল্য:..........................................................................................

মূসক অব্যাহতি:.......................................................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/ সেবা প্রদানকারী): মূসক নিবন্ধন নং:.....................

...................................................... ..........................................

ঠিকানা:........................................................................

..........................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহর: বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহর:

.........................................

মূসক কর্মকর্তার প্রত্যয়ন: স্বাক্ষর ও সীলমোহর:

নাম ও পদবি:

পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী অনুলিপি (হলুদ)

**পরিশিষ্ট-গ**

**Department of State কর্তৃক বাংলাদেশে পরিচালিত বিভিন্ন প্রকল্পসমূহের জন্য পণ্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূসক অব্যাহতির বিবরণী**

**মাস:............................................**

| ক্রমিক নং | সরবরাহ বা সেবা গ্রহণকারী প্রকল্পের নাম | সরবরাহ বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | সরবরাহ বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মূসক নিবন্ধন নম্বর | কূপন নম্বর ও তারিখ | মূসক চালানপত্র নম্বর ও তারিখ | মূসক চালানপত্রে উল্লিখিত মোট বিক্রয়মূল্য | প্রযোজ্য মূসক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |

০২।এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে এবং ৩১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/১৬ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত **বিশেষ আদেশ নং-১৭/মূসক/২০১৯** দ্বারা রহিত করা হল।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে**

**ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী**
দ্বিতীয় সচিব (মূসক অভ্যন্তরীণ অব্যাহতি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd